Massachusetts Bay Transportation Authority

# কীভাবে MBTA RIDE করবেন

## প্রাথমিক তথ্য

### ভাষা সংক্রান্ত সহায়তা

MBTA গ্রাহক সহায়তা প্রতিনিধিরা ইংরেজি ও স্প্যানিশ ভাষায় কথাবার্তা বলেন এবং দোভাষীরা 160টি ভাষায় কথাবার্তা বলতে পারেন। সব ষ্টেশনে MBTA ট্রানজিট পুলিশ এবং ট্রানজিট অ্যাম্বাসেডররা এই সব পরিষেবা ব্যবহারে সহায়তা করতে পারেন। সাহায্যের জন্য, কল করুন:

ফোন নং: 617-222-3200    টোল-ফ্রি: 800-392-6100
TTY: 617-222-5146

MBTA.com/language-services

### জানুন এবং সঙ্গে থাকুন

প্রকল্পগুলির উন্নয়ন এবং সিদ্ধান্ত নেওয়ার ক্ষেত্রে জনগণের যোগদান ও সক্রিয়তা অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয় এবং আমরা জনগণকে MBTA পাবলিক মিটিংয়ে যোগ দিতে এবং আমাদের কার্যকলাপের বিষয়ে মন্তব্য করতে উৎসাহিত করি। মিটিং বিষয়ক বিজ্ঞপ্তিগুলি আমাদের ইভেন্টের ওয়েবপেজে পোস্ট করা হয় এবং এতে কীভাবে বিনামূল্যে আবাসন ব্যবহার এবং ভাষা সহায়তার জন্য অনুরোধ করা যায় সে সম্পর্কে সব তথ্য দেওয়া থাকে।

MBTA.com/events

### পরিষেবা ব্যবহারের মূল্য কত?

সাবওয়ে 1টি দিকে যাওয়ার জন্য:
নগদ, চার্লিকার্ড বা চার্লি টিকিট সহ $2.40।
স্থানীয় বাস 1টি দিকে যাওয়ার জন্য:
নগদ, চার্লিকার্ড বা চার্লি টিকিট সহ $1.70।
কমিউটার রেল 1টি দিকে যাওয়ার জন্য:
আপনি কতদূর যাবেন তার উপর নির্ভর করে $2.40-$13.25
ফেরি 1টি দিকে যাওয়ার জন্য:
আপনার যাত্রা শুরুর ষ্টেশন এবং গন্তব্যের ষ্টেশনের দূরত্বের ওপর নির্ভর করে $3.70-$9.75।
প্যারাট্রানজিট:
$3.35-$5.60, গ্রাহক প্রতি একমুখী ভাড়া

MBTA.com/fares

### যে সব ক্ষেত্রে ভাড়া কমানো হয়েছে

যোগ্য শিক্ষার্থীরা নিজেদের স্কুল থেকে স্টুডেন্ট চার্লিকার্ড (প্রতি বছর 31 আগস্ট পর্যন্ত বৈধ) পেতে পারে।

অংশগ্রহণকারী শহর বা শহরের নিম্ন আয়ের তরুণ প্রাপ্তবয়স্ক, 18-25 বছর বয়সী, যুব পাস চার্লিকার্ডের জন্য যোগ্য হতে পারেন।

দৃষ্টিহীন বা দৃষ্টি সংক্রান্ত প্রতিবন্ধী ব্যক্তিরা এবং তাদের গাইডরা ব্লাইন্ড অ্যাক্সেস চার্লিকার্ড দিয়ে বিনামূল্যে MBTA পরিষেবাগুলি পেতে পারেন।

বৃদ্ধ বয়স্ক (65+ বছর বয়সী) এবং প্রতিবন্ধী ব্যক্তিরা ট্রান্সপোর্টেশন অ্যাক্সেস পাস (TAP) ব্যবহার করে কম ভাড়ায় যাতায়াত করার যোগ্য।

MBTA.com/fares/reduced

### পেমেন্ট করার অন্যান্য বিকল্প

পেমেন্ট করেছেন এমন একজন গ্রাহকের রাইডের সঙ্গে 11 বছর বয়সী এবং তার কম বয়সী শিশুরা বিনামূল্যে যাতায়াত করতে পারে। গ্রাহক প্রতি তার দুইটি সন্তান পর্যন্ত এই প্রকার যাত্রা অনুমোদিত।

কোম্পানিগুলি কর্পোরেট চার্লিকার্ড প্রোগ্রামে অংশগ্রহণ করতে পারে যাতে তাদের কর্মীদের ট্যাক্স সুবিধা প্রাপ্তি ঘটে।

MBTA.com/pass-program

### প্রতিদিনে কতক্ষণ এই যাতায়াত পরিষেবা মেলে

বেশিরভাগ বাস এবং ট্রেন পরিষেবা 5 AM-এ শুরু হয় আর 1 AM-এ শেষ হয়, ব্যস্ত রুটে কিছু বাস পরিষেবা 3:30 AM-এর আগে শুরু হয়। এই রকম সময়সূচি, পরিবহনের ধরন এবং সপ্তাহের কাজের দিনের ওপর নির্ভর করে। অন্যান্য সময়ের তুলনায় সপ্তাহের কাজের দিনের ভিড়ের সময় (7 - 9 AM এবং 4 - 6:30 PM) পরিষেবায় নিয়োজিত যানবাহন আরও ঘন ঘন চলাচল করে। সাবওয়ে এবং 'মুখ্য বাস রুট' পরিষেবা (যেমন রুট 28, 111, 116, ও অন্যান্য) সবচেয়ে ঘন ঘন, সাধারণত প্রতি 10-15 মিনিট বা তার চেয়েও কম সময় অন্তর চলাচল করে।

MBTA.com/schedules

### পরিষেবামূলক সতর্কতা

কখনও বা পরিষেবার ব্যাঘাত ঘটে এবং যখন এমনটা ঘটে, সেই সময় MBTA বিশেষ চিহ্ন পোস্ট করে বা গ্রাহকদের সাহায্য করার জন্য কর্মীরাও প্রস্তুত থাকেন। বর্তমানে যা পাওয়া যাচ্ছে এবং পরিকল্পিত পরিষেবামূলক সতর্কতা হিসাবে যা পাওয়া যাবে, সেইসবই আমাদের ওয়েবসাইটে দেখা যাবে। টেক্সট বার্তা পেতে বা ইমেল মারফত সতর্কতা পেতে রাইডাররা T-Alerts-এর জন্যও সাইন আপ করতে পারেন।

MBTA.com/alerts

### ব্যবহারযোগ্যতা

সব MBTA বাস শারীরিকভাবে অক্ষম ব্যক্তিদের ব্যবহারের জন্য বিশেষ সুবিধা যুক্ত হয়ে থাকে, যেমন বেশিরভাগ পাতাল রেল এবং কমিউটার রেল স্টেশন। ফেরি এবং ডক ব্যবহার-যোগ্য, কিন্তু উচ্চ বা নিম্ন জোয়ারের সময়ে নিরাপত্তার কারণে অস্থায়ী বাধা থাকতে পারে।

MBTA.com/accessibility

RIDE (রাইড): RIDE হলো MBTA-এর ডোর-টু-ডোর, প্যারাট্রানজিট পরিষেবা। আপনার যদি এমন কোনো অক্ষমতা থাকে যার জন্য আপনি MBTA পরিচালিত বাস, পাতাল রেল বা ট্রলি সব সময় বা কোনো সময় ব্যবহার করতে অসমর্থ হন, তাহলে RIDE আপনার পাবলিক ট্রান্সপোর্টজনিত প্রয়োজন মেটাতে সহায়তা করতে পারে।

MBTA.com/accessibility/the-ride

রাইডাররা 617-222-2828 নম্বরে কল করে রিয়েল-টাইম লিফট এবং এসকেলেটরে কোনো সময়ে যান্ত্রিক ত্রুটি বা বিভ্রাট ঘটলে সেই তথ্যও জেনে নিতে পারেন।

### MBTA-এর সাথে যোগাযোগ করার উপায়

রাইডাররা ফোন করা, ইমেল পাঠানো সহ বিভিন্ন উপায়ে MBTA-এর সাথে যোগাযোগ করতে পারেন এবং আমাদের সামাজিক মিডিয়ার লিঙ্কে গিয়েও দেখতে পারেন:

**ফোন:** 617-222-3200
**টোল ফ্রি:** 800-392-6100
TTY: 617-222-5146
**ইমেল:** MBTA.com/customer-support

twitter.com/mbta
facebook.com/TheMBTA/
instagram.com/thembta/
youtube.com/mbtagm
tiktok.com/@thembta
linkedin.com/company/mbta

### জরুরিকালীন সময়ে

প্রত্যেক MBTA কর্মী সদস্যকে জরুরি পদ্ধতি এবং প্রস্তুতি সম্পর্কে প্রশিক্ষণ দেওয়া হয়। এই বিষয়ে আপনি সন্দেহজনক কিছু দেখতে পেলে বা জরুরি ভিত্তিক অভিযোগ জানাবার প্রয়োজন হলে, অনুগ্রহ করে কল করুন: 911 or the বা ট্রানজিট পুলিশ দপ্তরে, 617-222-1212 নম্বরে, TTY: 617-222-1200

**সমস্ত MBTA কার্যক্রম বৈষম্য মুক্ত।** জাতি, বর্ণ, জাতিগত উৎস, সীমিত ইংরেজি দক্ষতা এবং অতিরিক্ত সুরক্ষিত বৈশিষ্ট্যের ভিত্তিতে MBTA সব ধরনের বৈষম্য প্রতিরোধ করে সমস্ত ফেডারেল এবং রাষ্ট্রীয় নাগরিক অধিকারের প্রয়োজনীয়তা মেনে চলে। আরও তথ্যের জন্য বা অভিযোগ দায়ের করতে, অনুগ্রহ করে MBTA.com/titlevi তে যান ও MBTA/MassDOT Office of Diversity and Civil Rights, 10 Park Plaza, Boston, MA 02116 ঠিকানায় আমাদের অফিসে বা 857-368-8580 এই টেলিফোন নম্বরে,আমাদের সাথে যোগাযোগ করুন অথবা MBTACivilRights@mbta.com ইমেল ঠিকানায় আমাদের ইমেল করুন